



তারিখ : ১১-১২-২০২২ খ্রি:।

স্মারক নং-৪৬.০০.০০০০.১০১.০১৬.০৮৬.২১- ৩৭৩

বিষয়ঃ নরসিংদী জেলার মাধবদী পৌরসভার অনুকূলে ২০২১-২০২২ অর্থ বছরের এডিপি বরাদ্দ এবং রাজস্ব অর্থ দ্বারা বাস্তবায়িত প্রকল্পসমূহের বার্ষিক প্রতিবেদন সংক্রান্ত।

সূত্র: মাধবদী পৌরসভার কার্যালয়ের পত্র নং-৫৪, তারিখ: ০৬-০৯-২০২২ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে নরসিংদী জেলার মাধবদী পৌরসভার অনুকূলে ২০২১-২০২২ অর্থ বছরের এডিপি ব্যয়ের সঠিক মূল্যায়নের লক্ষ্যে নিম্নোক্ত তথ্যাদি (প্রমানকসহ) প্রয়োজন।

(ক) ২০২১-২০২২ অর্থবছরে এডিপির জেরসহ মোট বরাদ্দ ১,০১,৬৬,৫০২/- (এক কোটি এক লক্ষ ছেষটি হাজার পাঁচশত দুই) টাকা। এডিপির অর্থ দ্বারা ৪টি প্রকল্প গ্রহণ করে ৩০ জুন ২০২২ পর্যন্ত প্রকল্পওয়ারী ব্যয় দেখানো হয়েছে ২৪,২০,৫৯৯/- (চব্বিশ লক্ষ বিশ হাজার পাঁচশত নিরানব্বই) টাকা। কিন্তু নির্ধারিত ছকের অনুচ্ছেদ-৪ ব্যয় দেখানো হয়েছে ৭৬,৬৬,৫০২/- (ছিয়াত্তর লক্ষ ছেষটি হাজার পাঁচশত দুই) টাকা। প্রকৃতপক্ষে এডিপির সঠিক ব্যয় কত তার ব্যাখ্যা।

(খ) মাধবদী পৌরসভার ২০২১-২০২২ অর্থবছরে রাজস্ব খাতে জেরসহ মোট আয় ১১,১৭,৬৬,৮১৪/- (এগার কোটি সতের লক্ষ ছেষটি হাজার আটশত চৌদ্দ) টাকা এবং ব্যয় দেখানো হয়েছে ১০,৫৩,৮৩,১৩০/- (দশ কোটি তিপাল্ল লক্ষ তিরিশি হাজার একশত ত্রিশ) টাকা। উক্ত ব্যয়কৃত টাকার খাতওয়ারী ব্যয় বিবরণী প্রেরণ।

০২। এমতাবস্থায়, উপরোক্ত তথ্যাদি স্থানীয় সরকার বিভাগ হতে প্রেরিত নির্ধারিত ছকে পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে পুনরায় প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মেয়র  
মাধবদী পৌরসভা  
জেলা- নরসিংদী।

(গাজী গোলাম মোস্তফা)  
সহকারী সচিব  
ফোন: ৫৫১০০৭৩৬  
ই-মেইল: lgeval1@lgd.gov.bd

অনুলিপি :

- ১। জেলা প্রশাসক, নরসিংদী।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৩। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
- ৪। মহাপরিচালক (মইই) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
- ৫। যুগ্মসচিব (মওমু) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।